৩ জুলাই ২০২৫

**প্রেস বিজ্ঞপ্তি**

**কুমিল্লার মুরাদনগরে মা ও দুই সন্তানকে গণপিটুনি, কুপিয়ে হত্যা এবং অপর এক সন্তানকে আহত করার ঘটনার সুষ্ঠু ও দ্রুত তদন্ত এবং যথাযথ বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট**

আজ ৩ জুলাই ২০২৫ তারিখে কুমিল্লার মুরাদনগরে মা এবং তার ১ পুত্র ও ১ কন্যা সন্তানকে গণপিটুনি, কুপিয়ে হত্যা এবং অপর এক সন্তানকে আহত করার ঘটনায় উদ্বেগ এবং ঘটনার সুষ্ঠু তদন্ত ও যথাযথ বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট। ব্লাস্ট মনে করে, অভিযোগ যাই হোক না কেন, কোন অবস্থাতেই আইন নিজ হাতে তুলে নেয়া এবং বিচারবহির্ভূতভাবে কাউকে আঘাত বা হত্যা করা আইনি ও মানবাধিকার চরম লঙ্ঘন।

আজ ৩ জুলাই ২০২৫ তারিখ, কুমিল্লার মুরাদনগরে কড়ইবাড়ি গ্রামে মাদক বেচাকেনার অভিযোগে এক নারী ও তাঁর দুই সন্তানকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা এবং অপর এক সন্তানকে আহত করা হয়েছে। গণমাধ্যম সূত্রে জানা যায়, পরিবারটির বিরুদ্ধে দীর্ঘদিন ধরে মাদক–সংশ্লিষ্টতার অভিযোগ রয়েছে। এর জের ধরেই এলাকাবাসী পিটিয়ে ও কুপিয়ে তাঁদের হত্যা করেছে। নিহত ব্যক্তিরা হলেন ঐ গ্রামের খলিলুর রহমানের স্ত্রী রোকসানা আক্তার রুবি (৫৩), তাঁর ছেলে রাসেল মিয়া (৩৫) ও মেয়ে জোনাকি আক্তার (২৫)। এ ছাড়া গুরুতর আহত হয়েছেন রোকসানার আরেক মেয়ে রুমা আক্তার (৩০)।

এ ধরনের ঘটনা মানবাধিকার ও সংবিধানের সুস্পষ্ট লঙ্ঘন এবং মৌলিক অধিকারের পরিপন্থি। কোন নাগরিকের প্রতি এ ধরনের গণপিটুনি ও নৃশংস হত্যাকাণ্ড দেশে বিদ্যমান দণ্ডবিধির অধীনে একটি শাস্তিযোগ্য অপরাধ। একই সাথে, এ ধরনের সহিংসতা প্রতিরোধ বা তা থেকে সুরক্ষা প্রদানে রাষ্ট্রীয় কর্তৃপক্ষের পক্ষ থেকে প্রয়োজনীয়, কার্যকর ও তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণে ব্যর্থতা মৌলিক অধিকার লঙ্ঘনের সামিল।

প্রয়োজনে যোগাযোগ করুন:
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd